

শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন।

## উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : মোঃ কেফায়েত উল্লাহ  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতিয়া, নোয়াখালী।

তারিখ : ১৮-৫-২০২২ খ্রি:

সময় : দুপুর ১২:০০ টা হতে দুপুর ০১:১৫ টা।

স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	পরিবেশ ও বন কমিটির সভা	উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, হাতিয়া বন বিটে এবং সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রের অধীন সংরক্ষিত বনে ও সৃজিত স্ট্রীপ বাগানে এ মাসে কোন বন অপরাধ সংঘটিত হয়নি। মুজিব বর্ষ ও বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিক উপলক্ষে বিতরণের জন্য হাতিয়া নার্সারী কেন্দ্রে ১০,৩২৫ টি বনজ, ফলজ ও ভেষজ চারা উত্তোলনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, হাতিয়া উপজেলায় ৫২ টি করাত কল চালু রয়েছে। তার মধ্যে ৪২ টির লাইসেন্স আছে। বৈধভাবে পরিচালিত। বাকি ১০ টি অবৈধভাবে লাইসেন্স বিহীন পরিচালনা করে আসছে। উক্ত ১০ টি অবৈধ করাত কল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করাসহ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	বন কর্মকর্তা, হাতিয়া, নোয়াখালী।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ কেফায়েত উল্লাহ)  
উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি  
হাতিয়া, নোয়াখালী।